যায়যায়দিন

তারিখ 31 DEC 2012
পৃষ্ঠা ১৬ কলাম 2

# দুই বছরে ৩৮ হাজার শিক্ষক নিয়োগ দেবে সরকার

যাযাদি রিপোর্ট

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা নিশ্চিতকল্পে আগামী দুই বছরে দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোতে ৩৮ হাজার শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। ইতোমধ্যে নতুন পদ সৃষ্টির মাধ্যমে ১৫ হাজার প্রাক-প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে। আগামী জুলাই মাসে আরো ৭ হাজার ৬৭২ জন এবং ২০১৪ সালে আরো ১৫ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হবে। রোববার সংসদ ভবনে অনুষ্ঠিত এ সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির ৩০তম বৈঠকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়।

কমিটির সভাপতি আলহাজ্ব মমতাজ বেগমের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মো. আফছারুল আমীন, প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন, মো. আতিউর রহমান আতিক, আকরাম উদ্দিন আহমেদ, আব্দুল মান্নান, অধ্যক্ষ খাদিজা খাতুন শেফালী এবং জোবেদা খাতুন অংশ নেন। এ সময় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সংসদ সচিবালয় সূত্র জানায়, বৈঠকে কমিটির সদস্যরা অভিযোগ করেন, অনেক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বহু বছর একই বিদ্যালয়ে কর্মরত আছেন। এতে স্থানীয় লোকজনের সঙ্গে সুসম্পর্ক গড়ে তুলে বিদ্যালয় পরিচালনার চেয়ে অন্যান্য কাজে বেশি মনোযোগী হয়ে উঠছেন। এসব শিক্ষককে অন্যত্র বদলি করার বিধান সম্পর্কে জানতে চান।

জবাবে মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়, বদলি সংক্রান্ত বিদ্যমান সংশোধিত নীতিমালা অনুযায়ী কোনো শিক্ষকের যোগদানকৃত বিদ্যালয়ে তার চাকরির বয়স দুই বছর পূর্ণ হলেই তিনি বদলিযোগ্য বলে গণ্য হবেন। এ পরিপ্রেক্ষিতে কমিটি এসব শিক্ষককে জরুরি ভিত্তিতে অন্যত্র বদলির ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে। তবে নারী শিক্ষিকাদের ক্ষেত্রে শিথিলতা বজায় রাখার সুপারিশ করে কমিটি তাদের নিজ নিজ বাড়ির কাছাকাছি পদায়ন করার পরামর্শ দিয়েছে। এছাড়া বৈঠকে সরকারি প্রাথমিক

নিয়োগ : পৃষ্ঠা ১৫ কলাম ৬

## নিয়োগ : ৩৮ হাজার

(শেষ পৃষ্ঠার পর)

বিদ্যালয়ে দপ্তরি-কাম প্রহরী পদে আউট সোর্সিংয়ের মাধ্যমে জনবল নিয়োগের সংশোধিত নীতিমালা, ২০১২ জারি করা হয়েছে বলে জানানো হয়। এ বিষয়ে মন্ত্রণালয় জানায়, দপ্তরি-কাম প্রহরী পদে নিয়োগের ক্ষেত্রে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট এমপির সাথে পরামর্শক্রমে নিয়োগ অনুমোদনকারী কর্তৃপক্ষ নিয়োগ চূড়ান্ত করবে।